দৈনিক ইনকিলাব

তারিখ ...0.8 FEB 1998... ..
পৃষ্ঠা ১২ কলাম ... ...৫...

184

২ নেতার জামিনে মুক্তি

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের উপর হামলায় জাগপার নিন্দা

প্রেস বিজ্ঞপ্তি ঃ জাগপার কেন্দ্রীয় সহ দপ্তর সম্পাদক খন্দকার লুৎফর রহমান ও নগর জাগপা সভাপতি এমদাদ উল্লাহ ভুঁইয়া আদালত থেকে জামিনে মুক্তি লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, জাগপা নেতৃদ্বয় বর্তমান সরকারের আমলে পর পর তিনবার কারারুদ্ধ হন। মুক্তিপ্রাপ্ত নেতৃবৃন্দকে দলীয় কার্যালয়ে ব্যাপক সংবর্ধনা জানানো হয়।

জাগপা সভাপতি শফিউল আলম প্রধান ও সাধারণ সম্পাদক আনিসুর রহমান এক যুক্ত বিবৃতিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদমুখর ছাত্রছাত্রীদের উপর ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের বর্বরোচিত হামলা ও নিপীড়নের তীব্র নিন্দা জানিয়েছেন। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের মানবাধিকার লংঘনের রিপোর্ট সম্পর্কে বাংলাদেশ সরকার ও পররাষ্ট্র সচিবের বয়ানে যাই থাক না কেন বাস্তবতা হচ্ছে, ফ্যাসিস্ট আওয়ামী লীগ শাসকেরা কখনোই ভিন্নমত সহ্য করতে শেখেনি। মানবাধিকার লংঘনের রিপোর্ট প্রকাশের পর পরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সন্তানতুল্য শিক্ষার্থীদের উপর পুলিশী বর্বরতা ও দৈনিক ইনকিলাবের বিরুদ্ধে মামলা আওয়ামী ফ্যাসিস্ট শাসনতন্ত্রেরই বহিঃপ্রকাশ। বিবৃতিতে হুঁশিয়ার করে দেয়া হয় যে, ছাত্র সমাজের গায়ে হাত দিয়ে অতীতে কোন শাসকই শেষ রক্ষা করতে পারেনি।